আমার ডাক্তার আমি
হোমিওপ্যাথিক চিকিৎসা
BELADONA
COSTICUM
HOMOEOPATHIC
MEDICINE
ARNICA
THUJA -30

এ টু জেড অফ বেডসাইড

হোমিওপ্যাথিক

মেডিসিন ও চিকিৎসা

বায়োকেমিক চিকিৎসা, ও পুরক ও অনুপুরক ঔষধ

ঔষধের শক্তি প্রয়োগের সঠিক ক্রম ঃ
সাধারণত রোগের প্রথম অবস্থায় 1M থেকে 1X বা ৩০ থেকে ২০০ শক্তি প্রয়োগ করতে হয়। কিন্তু রোগ পুরনো হলে ১০০০ থেকে C.M. শক্তি ব্যবহার করতে হবে।
তবে বেশি শক্তির ঔষধ ১ বার প্রয়োগ করে অন্তত ১ মাস অপেক্ষা করতে হয়।

ডাঃ মদন মোহন হালদার ডি. এম. এস.

ফোন ঃ ৯৫৩১৭৪-২৭৭৭৭২
চেম্বার ঃ ৯৫৩১৭৪-২৭৭১৬৩
বাড়ী ঃ ০৩১৭৪-২১৩৯১৯ { রাত ৯টার পর }

প্রাপ্তিস্থান

কলেজ স্ট্রীট | সন্ধ্যা প্রকাশনী, ৫৭ এম. জি. রোড, কলকাতা-৯,
বই পাড়া ঃ | সন্ধ্যা বুক এজেন্সী, ১৯ , এস. সি. দে স্ট্রী, কলকাতা-৭৩
শিয়ালদহ ঃ সন্ধ্যা ইন্টারন্যাশানাল, সেক্টর -১, শিশির মার্কেট,
শিয়ালদহ ১নং প্লাট ফর্মেরবিপরীতে

সুচিপত্র

শিশুদের রোগ

পেটের রোগ

চর্মরোগ

স্নায়ু-বক্ষ ও মাথার রোগ

১৮, ○ উন্মাদ রোগ - ১৮, ○ ট্রেনে ও বাসে অসুস্থতায় - ১৯, ○ বেশি পড়াশুনা করে শরীর খারাপ হলে - ১৯।

সর্দি-কাশি-জ্বর রোগে

○ সর্দি, কাশি ও হাঁচি - ১৯, ○ হাঁপানি - ১৯, ○ তরুণ/তরুনীদের তরল সর্দি - ১৯, ○ ব্রংকোনিউমোনিয়া - ১৯, ○ নেফ্রাইটিস - ১৯, ○ রক্তকাশ - ১৯, ○ মাম্‌স - ১৯, ○ বৃদ্ধদের কাশিতে - ১৯, ○ বৃদ্ধদের টনিক - ২০, ○ প্লেগ - ২০, ○ ইনফ্লুয়েঞ্জা ও ডেঙ্গু - ২০, ○ ইনফ্লুয়েঞ্জা ও ডেঙ্গুর দুর্বলতার দূর করতে - ২০, ○ নিউমোনিয়া - ২০, ○ হুপিংকাশি - ২০, ○ হাঁপানি - ২০।

কানের রোগ

○ কানের ফোঁড়া - ২১, ○ কানের যন্ত্রণা - ২১, ○ কানে পূঁজ - ২১।

চোখের রোগ

○ চোখে বাবরি - ২১, ○ ছানি - ২১, ○ রাতকানা - ২১, ○ চোখ ওঠা - ২১, ○ চোখের ছানি - ২২, ○ চোখের পরিশ্রমে ঝাপসা দেখা - ২২, ○ ধুমপায়ীদের চোখের অসুবিধা- ২২, ○ দিন কানা - ২২, ○ রাতকানা - ২২।

দাঁতের রোগ

○ দাঁতের এনামেল ক্ষয়ে - ২২, ○ দাঁত কড়মড় - ২২, ○ আক্কেল দাঁত ওঠা না ওঠার কষ্ট - ২২, ○ দাঁতে পাইওরিয়া - ২২, ○ দাঁত টকে গেলে - ২২।

নাকের রোগ

○ নাক ডাকা-২৩, ○ নাক বন্ধে - ২৩, ○ নাকের ক্ষত -২৩, ○ নাক দিয়ে রক্ত পড়া-২৩,

মুখের রোগ

○ তোতলামি - ২৩, ○ মুখের ঘা - ২৩, ○ জিহ্বা বা মুখের ক্যানসারে - ২৩।

স্ত্রী রোগ

○ জরায়ুর যে কোন রক্তস্রাবে - ২৩, ○ স্তনের ক্যানসারে - ২৩, ○ বন্ধ্যাত্ব - ২৩।

পুরুষের রোগ

○ গণরিয়া - ২৪, ○ স্বপ্নদোষ - ২৪, ○ গোঁফ দাড়ি দেরীতে ওঠা - ২৪, ○ গোঁফ, দাড়ি মাথার চুল উঠে টাক পড়ে গেলে - ২৪, ○ পুরুষদের গণরিয়ায় - ২৪, ○ হার্ণিয়া-২৪।

অন্যান রোগ

○ মূত্র রোধ - ২৪, ○ অসাড়ে মুত্রে - ২৫, ○ ইলেকট্রিক শক-২৫, ○ বাধক বেদনায় - ২৫, ○ পুড়ে যাওয়া - ২৫, ○ ইদুঁড়ে কামড়ালে - ২৫, ○ বিড়ালে কামড়ালে - ২৫, ○ পোড়া ঘায়ে - ২৫, ○ সাপে কাটা - ২৫, ○ কেটে গেলে - ২৬, ○ মেদ বৃদ্ধি করতে - ২৬, ○ বৃদ্ধদের রাতে বেশিবার প্রস্রাব হলে - ২৬, ○ রক্তে ইউসিনোফিল বৃদ্ধিতে - ২৬, ○ রক্তে ESR বেশি থাকলে - ২৬, ○ রক্তে সুগার বৃদ্ধিতে - ২৬, ○ রক্তে ইউরিয়া বৃদ্ধিতে - ২৬, ○ রক্তে

কয়েকটি বিশেষ স্ত্রীরোগ ও তার মেডিসিন ও চিকিৎসা

পুরুষদের কয়েকটি যৌনরোগ ও তার চিকিৎসা

কয়েকটি রোগের প্রতিষেধক ঔষধ

শিশুদের রোগ

শিশুদের টনিক

ক্যালকেরিয়া ফস ৩ x, **কেলিফস** ৬ x, **ম্যাগফস** ৬ x, **চেলিডোমিয়াম** θ, **এভেনা স্যাট** θ, **এ্যালফলকা** ৩ x, **কেলিকিউর** ৩ x, **সেসিথিন** ৩ x এই ওষুধগুলির প্রত্যেকটি ৫-এম এল করে নেবেন। একটি দু আউন্স শিশিতে ভরবেন বাকীটা ডিস্ট্রিল ওয়াটার দিয়ে ভরে নিয়ে দুধ বা ফলের রসের সঙ্গে মিশিয়ে খাওয়াবেন। রোজ তিন বার।

শিশুদের দুধ না ধরা — যে সব শিশু মায়ের স্তন মুখে চেপে ধরলেও টেনে দুধ খায় না তাদের **চায়না** ৬ বা **পালসেটিলা**-৬, ২/৩ ফোঁটা জলে গুলে ঝিনুকে করে দিনে ৩বার ৭দিন খাওয়াতে হবে।

শিশুদের জড়ুল — জন্মলগ্নে যদি শিশুর কোন স্থানে জড়ুল থাকে **থুজা** θ বা ৩০ প্রলেপ দিলে জড়ুল থাকে না তবে দিনে ১ফোটা করে ৩বার ৭দিন লাগাতে হবে।

শিশুদের নাড়ী না শুকানো — শিশুর নাড়ী শুকোতে সাধারণত ৪/৫ দিন লাগে। যদি তা না শুকোয় বুঝতে হবে কিছু একটা গোলমাল ঘটেছে। যদি পূঁজ হয় বা রক্ত পড়ে তাহলে **সাইলিসিয়া** ৬, ১ফোটা করে ৩ বার দিতে হবে। সেই সঙ্গে বাইরে প্রলেপ দিতে হবে **ক্যালেন্ডুলা অয়েল ক্যালকেরিয়া ফস**-৬x দিনে ১বার।

শিশুর নাভিদেশ যদি ফুলে ওঠে লাল হয় তবে ও লাল **বেলেডোনা** ৬, ১ফোটা করে ৩ বার দিতে হবে। নাড়ী কাটার পর বাঁধবার দোষে যদি রক্ত পড়ে তাহলে **হ্যামামেলিস** θ দিতে হবে। যদি ক্ষততে দুর্গন্ধ হয় তাহলে খাওয়াতে হবে **ক্রিয়োজোট** ৬ বা **ক্যালকেরিয়া ফস**-৬x।

শিশুদের গোঁড় হওয়া — শিশুর নাভি শুকিয়ে যাওয়ার পরে সেই জায়গাটা উঁচু বা ঢিবির মতো হয়ে থাকে। একেই বলে গোঁড়। এই অবস্থায় ব্যান্ডেজ বা ন্যাকরা দিয়ে গোঁড়টাকে পেটের সঙ্গে বেঁধে রাখতে হয়। সেই সঙ্গে ঔষধও খাওয়াতে হবে। এইরকম অবস্থায় ঔষধ **নাক্সভমিক** ৬। ৭দিন ১ফোটা করে ৩বার।

শিশুদের শ্বাসকষ্ট — অনেক সময় শিশুর হঠাৎ করে শ্বাসকষ্ট দেখা দেয়। এই রকম অবস্থায় **শ্যাম্বুকাম** ৩ x, **স্পঞ্জিয়া** ৩ বা **একোনাইট ন্যাপ**-৬, এর ৩দিন যে কোনো একটি ঔষধ ২/৩ বার ১ ফোটা করে আধঘণ্টা অন্তর দিতে হবে।

শিশুদের হিক্কা — সাধারণতঃ অজীর্ণতার জন্যে শিশুদের হিক্কা হয়। তবে অনেক সময় ঠান্ডা লেগেও হিক্কা হতে পারে। যে কোনো কারণেই হিক্কা হোক, শিশুকে খাওয়াতে হবে **নাক্স ভমিকা** ৩০ বা **জিনসেং** ৬ x। ১ ফোটা করে দিনে ৩বার ৩দিন।

শিশুদের সর্দি-কাশি — ঠান্ডা লেগেই শিশুর সর্দি-কাশি হয়। কোষ্ঠকাঠিন্যের জন্যেও ঠান্ডা লেগে জ্বর ও সর্দি-কাশিতে প্রথমে তরল অবস্থায় **এ্যাকোনাইট ন্যাপ** বা বেলেডোনা ৩ x খাওয়াতে হবে। কোষ্ঠকাঠিন্য ও শুকনো কাশিতে **ব্রায়োনিয়া** ৩ দিতে হয় ১ ফোটা করে ৩বার ৩দিন।

শিশুদের দুধ তোলা — সাধারণতঃ বেশী পরিমানে দুধ খাওয়ার জন্যই এরকমটা হয়ে থাকে। অজীর্ণতা দোষ, মায়ের খাবার গ্রহণের দোষ, শ্লেষ্মা প্রভৃতি কারনেও শিশুরা দুধ তোলে। অনেক সময় জমাট দইয়ের মতো দুধ তোলে। এরকম অবস্থায় বমিও হতে পারে। যদি অজীর্ণতার কারনে দুধ তোলে, তাহলে **নাক্স ভমিকা** ৬ দিতে হবে ১ফোটা করে ৩বার।

গলায় ঘড় ঘড় করলে **এ্যান্টিম টার্ট** বা **ব্রায়নিয়া** ৬ কাশতে কাশতে যদি বমি হয় তাহলে দিতে হবে **ইসিকাকুয়ানা** বা **বেলেডোনা** ৩ x। গা গরম, শুকনো ভাব, দম আটকানো কাশি, স্বরভাঙ্গা, অস্থির ভাব, তৃষ্ণা প্রভৃতি লক্ষণে **এ্যাকোমাইট ন্যাস** ৩ x পরে স্পঞ্জিয়া দিতে হবে। প্রতিটি ওষুধই ১ ফোটা করে দিনে বার ৩দিন খাওয়ান।

শিশুদের কৃমি — গুঁড়ো বা কুঁচো কৃমি হলে সেগুলি অনেক সময় মলদ্বার দিয়ে বাইরে বেরিয়ে আসে। সে সময় খুব কুট কুট করে বলে শিশুরা অস্থিরতা প্রকাশ করে। কৃমি হয়েছে বুঝলেই **সিনা** ৩ x, এবং ২০০ x দিতে হবে। ১ ফোটা করে খালি পেটে সকালে ও রাত্রে দুবার ৭দিন।

শিশুদের কোষ্ঠকাঠিন্য — যকৃতের দোষ, অজীর্ণতা, প্রভৃতি কারনে শিশুর এ রোগ দেখা দেয়। পায়খানা খুব শুকনো, খুব শক্ত হয় মায়ের কোষ্ঠকাঠিন্য থাকলে সাধারণতঃ শিশুর ও এরকম হয়ে থাকে। তাই মায়ের খাদ্য লঘু হওয়া দরকার। পায়খানা খুব শক্ত হলে **লাইকোপোডিয়াম** ৩০ **এ্যাস্টিম ক্রুড** ৬। **নাক্স ভমিকা** ৩০ প্রয়োগে কোষ্ঠকাঠিন্য দূর হয়। কোষ্ঠকাঠিন্য শ্রেষ্ঠ ঔষধ **ব্রায়োনিয়া** ৩। প্রতিটি ওষুধই ১ ফোটা করে দিনে ৩বার ৭দিন।

শিশুদের পেট ব্যথা — শিশুর পেট ব্যথা করলে অস্থির হয়, কাঁদে। কাউকে স্থির থাকতে দেয় না। ঠান্ডা লাগা, মায়ের খাওয়ার দোষ, শিশুর কৃমি, শিশুর কোষ্ঠকাঠিন্য বা অর্জীণতার দোষেই পেট ব্যথা করে। অনেক সময় শিশুর হাত-পা ঠান্ডা হয়ে যায়। পায়খানা হয় সবুজ রঙের পাতলা। সঠিক কারণ বুঝে পেট ব্যাথার ঔষধ দেওয়া উচিত। মায়ের খাওয়ার দোষে শিশুর পেট ব্যথা করলে **পালসেটিনা** ৩। পায়খানা না হওয়ার জন্যে পেট ব্যথা, মায়ের খাওয়ার দোষে বা শিশুর খাওয়ার দোষে পেট ব্যথা করলে **ক্যামোমিলা** ১২। বা **কালোসিন্থ, বেলেডোনা**। যদি কৃমির জন্যে পেট ব্যথা করে তাহলে দিতে হবে সিনা ৩ x অথবা ২০০ ১ ফোঁটা করে ২ বার সকাল ও সন্ধ্যোয় ৭দিন।

শিশুদের মৃগী রোগ — শিশুর মৃগী রোগ হলে তাকে খাওয়াতে হবে **ক্যালকেরিয়া কার্ব** ৩০ বা **সিকুটা** ১ ফোঁটা করে ৩বার ৭দিন।

শিশুদের মাথার উকুন — শিশুদের মাথায় উকুন হলে প্রথমে চুলের গোড়া পরিষ্কার করতে হবে। তাতে উকুন না গেলে **নেট্রাম মিউর চূর্ণ** বা নিম তৈল করে মাথায় মাখতে হবে। তিন দিন ১ বার করে মেখে আধঘন্টা পর মাথা ধুইয়ে দিন।

শিশুদের প্রস্রাব বন্ধ হয়ে যাওয়া — শিশু ভূমিষ্ঠ হবার পর অনেক সময় শিশুর প্রস্রাব বন্ধ হয়ে যায়। যদি দেখা যায় ২৫/৩০ ঘন্টা সময়ের মধ্যে প্রস্রাব হয়নি তাহলে **ওপিয়াম** ৬ বা **ক্যাম্থারিস** বা **এ্যাকোনাইট ন্যাপ** ৬ খাওয়াতে হবে। ১ ফোটা করে দিনে ৪ বার ৩দিন।

শিশুদের হুপিং কাশি — এটি শিশুদের অন্যতম একটি কষ্টদায়ক রোগ। কাশবার সময় 'হুপ' হুপ' করে একটা শব্দ হয়। কাশতে কাশতে অনেকের দম আটকে যাবার মতো অবস্থা হয়। কাশি সহজে থামতে চায় না। এ রোগ হলে শিশুকে **মেফাইটিস** ৩ x। দু ঘণ্টা অন্তর খেতে হবে ২ টো করে বড়ি।

শিশুদের দুর্গন্ধ-যুক্ত প্রস্রাব — শিশুদের মূত্রে নানা রকমের গন্ধ হয়। শিশু আঁশটে গন্ধযুক্ত মূত্র ত্যাগ করলে **ইউর‍্যান নাইট্রিক** ৩ দিতে হয়। মিষ্ট গন্ধযুক্ত মূত্র হলে **বেঞ্জয়িক এ্যাসিড** ৬ খাওয়াতে হবে। ঝাঁঝালো গন্ধযুক্ত প্রস্রাব হলে **নাইট্রিক এ্যাসিড** ৩০ দিতে হবে। ১ ফোটা করে দিনে ৩বার ৭দিন খাওয়াতে হবে।

শিশুদের বিছানায় প্রস্রাব — বেশীরভাগ শিশুই বিছানায় প্রস্রাব করে। প্রস্রাব করিয়ে শোয়ালেও বিছানায় প্রস্রাব করে ফেলে। রাতে ঘুমোবার কিছুক্ষণ পরেই বিছানায় প্রস্রাব করলে **কস্টিকম** ৬। ঘুমোবার সময় অসাড়ে প্রস্রাব করলে **বেলেডোনা** ৬ স্নায়বিক দুর্বলতার জন্যে প্রস্রাব করলে **ক্যালকেরিয়া ফস** ৬ দিতে হয়। দিনের বেলায় বিছানায় প্রস্রাব করলে **ফেরাম ফস** ৬ এবং কৃমির জন্যে বিছানায় প্রস্রাব করলে মিনাম থেকে ২০০ শক্তি প্রয়োগ করতে হবে।

মাত্রা ঃ উপরোক্ত ৩, ৬ শক্তির ঔষধ চার ঘণ্টা অন্তর একমাত্রা করে ২/৩ দিন, ৩০ শক্তির ঔষধ ২ টো করে বড়ি ছয় ঘণ্টা অন্তর ৩/৪ দিন খাওয়াতে হবে।

শিশুদের দাঁতে পোকা — আজকাল আকছার শিশুদের এই দাঁতে পোকা রোগটা হচ্ছে। রোগের কারণ হিসেবে বলা যায় দাঁত অপরিষ্কার রাখা, অজীর্ণতা প্রভৃতি। বেশী টক বা মিষ্টি খেলেও দাঁতে পোকা হয়। দাঁতে পোকা ধরলে দাঁতের গোড়ায় ব্যথা হয়, অসহ্য যন্ত্রণা হয়, দাঁতের গোড়া ও গাল ফোলে। এসব লক্ষণ দেখা গেলে শিশুকে দিতে হবে **ক্রিয়োজোট ১২ বা সিলিকা** ৬, যন্ত্রণা লাঘবের জন্যে দাঁতের গোড়ায় দিতে হবে **ক্রিয়োজোট** ৬ বা **পালটাগো**- θ দু'ফোঁটা দিলেই উপকার পাওয়া যাবে। মাত্রা ঃ চার ঘন্টা অন্তর ১ ফোটা করে ৩/৪ দিন খাওয়ালে ও দাঁতের গোঁড়ায় লাগালে রোগ ভালো হয়।

শিশুদের দাঁত কপাটি — অর্জীণতা, দুর্বলতা, রক্তস্রাব, ঠান্ডা লাগা বা রোদ লাগা, আঘাত লাগা প্রভৃতি কারনে শিশুদের দাঁত কপাটি লাগা রোগটি দেখা যায়। রোগটার মূলে কি অর্থাৎ কি কারনে দাঁত কপাটি রোগটা দেখা দিয়েছে তা জেনে **চায়না**-৬, **ফ্যামালিস**- ২ x, **নাক্সভৌমিকা** ৩, **আর্নিকা**- ৩, **হাইপেরিকাম** ২ x, বা **হাইপেরিকাম**-৩০ ১ফোটা করে দিনে ৩বার ৭দিনে সেবনে রোগ নিরাময় হবে।

শিশুদের ন্যাবা বা জন্ডিস — অনেক সময় নবজাত শিশুদেরও ন্যাবা বা জন্ডিস হয়। এ রোগ হলে শিশুর সারা শরীর হলদে হয়ে যায়। মূত্রের রং ও হলদে হয়। শরীর দুর্বল হয়ে পড়ে, মেজাজ খিটখিটে হয়ে যায়। রোগটা বেড়ে গেলে ভয়ঙ্কর ক্ষতির আশঙ্কা দেখা দেয়। দেহ ও চোখ হলদে হলে **ক্যামোমিলা** ৬ দিতে হয়। যদি এই ঔষধটি ব্যর্থ হয় তাহলে

দিতে হবে **পডোফাইলাম** ৩। পায়খানা আটকে গেলে বা বন্ধ হলে **নাক্সভমিকা** ৩০। **চেলিডোনিয়াম** ৩ দিতে হবে ১ ফোটা করে দিনে ৪বার ৭দিন সেবনেই ফল পাওয়া যায়।

শিশুদের নাক বুঁজে যাওয়া — অনেক সময় শিশুর নাক সর্দিতে সেঁটে ধরে বা বুঁজে যায়। শিশুর তখন শ্বাসপ্রশ্বাসে বেশ কষ্ট হয়। শ্লেষ্মার জন্যে অনেক সময় বুকের মধ্যে ঘড় ঘড় শব্দ হয়। এরকম হলে সরষের তেল গরম করে নাকের ভেতরে ও বাইরে লাগালে একটু আরাম পাওয়া যায় তরল সর্দির কারনে নাক বুঁজে গেলে **ক্যামোমিলা** ১২; সর্দি শুকিয়ে গিয়ে নাক বুঁজে গেলে **ব্রয়োনিয়া** ৬। শ্লেষ্মায় বুকের মধ্যে ঘড় ঘড় শব্দ ও নাক বুঁজে যাওয়া লক্ষণে **এ্যান্টিম টার্ট** ৬ বা বেলেডোনা-৩০ দিতে হবে। দিনে ৪বার ৩ঘন্টা অন্তর ১ ফোঁটা করে ৭ দিন সেবনে ভাল ফল পাওয়া যায়।

শিশুদের পক্ষাঘাত — এটি খুবই মারাত্মক রোগ। শিশুর প্রথমে জ্বর হয় ও সেই সঙ্গে খিঁচুনি দেখা দেয়। ২/৩ সপ্তাহের মধ্যে আক্রান্ত স্থান সরু হতে শুরু করে। ধীরে ধীরে আক্রান্ত স্থানের চেতনা লুপ্ত হয় ও ঐ অংশটি অবশ হয়ে পড়ে। এ রোগের প্রথম অবস্থায় **বেলেডোনা** ৩। পুরনো অবস্থায় **সালফার** ৩০; ১ ফোঁটা করে দিনে ৪ বার ৩ ঘন্টা অন্তর ৭দিনে খাওয়াতে হবে।

শিশুদের একজিমা — 'একজিমা' পাঁচড়া জাতীয় চর্মরোগ। এ রোগ হলে শুকনো বা জলে যুক্ত ক্ষত হয়ে থাকে। এর ভেতরে কখনো জ্বালা করে, আবার কখনো কুট-কুট করে। জলযুক্ত ক্ষত হলে রস ও পুঁজ-রক্ত বের হয়। ক্ষতস্থানে বেশ ব্যথা হয়। এ রোগ হলে প্রথমে খাওয়াতে হয় **রাসটাক্স** ৩। যদি জ্বালা করে তাহলে দিতে হবে **সালফার** ৩০; ঘা থেকে রস পড়লে বা পূঁজ রক্ত পড়লে **গ্রাফাইটিস** ৩০ দিতে হয়। ক্ষত যদি শুকনো হয় তাহলে দিতে হবে লাইকোপর্ডিয়াম ১২। দিনে ২বার ১ ফোটা করে ৭দিন।

শিশুদের ব্রঙ্কাইটিস — বুকে ব্যথা, জ্বর, কাশি, দুর্বলতা, অস্থিরতা প্রভৃতি এ রোগের লক্ষণ। লক্ষণ বিচার করে রোগটা ভালো করে চিনে নেবার পর দেখতে হবে সেটি নতুন না পুরনো। নতুন রোগে শিশুকে দিতে হবে **ব্রায়োনিয়া** ৩ বা **এ্যাকোমাইট ন্যাপ** ৩ x। পুরনো (Chronic) রোগে **কস্টিকম** ১২ বা **এ্যান্টিম টার্ট** ৬। দিনে ৩বার ৩ঘন্টা অন্তর ১ ফোটা করে দিতে হবে।

শিশুদের হাঁপানি — এই অসুখটা বেশীর ভাগ ক্ষেত্রেই বংশানুক্রমিক। মা কিম্বা বাবার হাঁপানি থাকলে, শিশুর ঐ রোগে আক্রান্ত হয়। এ রোগের শ্রেষ্ঠ এবং উপকারী ঔষধ **আর্সেনিক অ্যাল্ব** ১২ অথবা **ইপিকাকুয়ানা** ৩ x . বা **হিপার সালফার-৩০, বেলেডোনা-৩০** সকাল ও সন্ধ্যায় ১ ফোটা করে গরম জলে মিশিয়ে ৭দিন খাওয়াতে হবে।

শিশুদের নিমোনিয়া — ঠান্ডা লেগে সর্দি এবং সেই সর্দি থেকেই এ রোগটার উৎপত্তি। এটি শিশুদের পক্ষে রীতিমত কষ্টদায়ক অসুখ। এ রোগ হলে **পালসেটিলা** ৬, **এ্যাকোনাইট ন্যাপ** ৩ x বা **এনটিসঠাট** লক্ষণ অনুয়ায়ী শিশুকে খাওয়াতে হবে। ৩ ঘন্টা অন্তর ১ ফোটা করে ৪ বার।

শিশুদের পুঁয়ে পাওয়া — অনেক শিশুকেই এই রোগে ভুগতে দেখা যায়। এই রোগের লক্ষণ শিশু রোগা হয়ে যায়, সর্বদা ঘ্যান ঘ্যান করে, খাবার অরুচি, বদহজম, মুখ দিয়ে দুধ তোলা, বুকের দুধ টানে না। আবার অনেক সময় শিশুর ক্ষিধে থাকে, খায় অথচ রোগা হয়ে যায়, এমন লক্ষণ ও প্রকাশিত হয়। খায় অথচ শিশু রোগা হয়ে যায় এ ওষুধের ওষুধ হল **আয়োডিন ৬ এবং সালফার ৩০ বা নেট্রাম মিউর**। খাবার পর এই ওষুধের ১ ফোটা ৩বার ৭দিন সেবনে রোগ নিরাময় হয়।

শিশুদের ঘামাচিতে — শিশুদের ঘামাচিতে দিতে হবে **ক্যামোমিলা ১২**। রসপূর্ণ ঘামাচি হলে **রাসটাক্স** ৬ দিতে হবে। ঠান্ডা লেগে ঘামাচি হলে **ডাল্কেমারা** ৬ প্রয়োগ করতে হবে। ঘামাচির শ্রেষ্ঠ ঔষধ **সালফার** ৩০ বা আর্নিকা-৩০ দুপুরে ও রাতে শোবার আগে এই ওষুধ ১ ফোটা করে সেবন করলে রোগ সারে।

শিশুদের লিভার বড় ও শক্ত হওয়া — শিশুর লিভার বা যকৃৎ বড় হলে নানা রকম লক্ষণ শিশুর শরীরে ফুটে ওঠে। যেমন—রক্তের রং কালো কালো বা সাদা হয়, পেটটা বেশ বড় দেখায়, চোখ হলদে হয়ে যায়, মুখটা ফ্যাকাশে দেখায়, কোষ্ঠকাঠিন্য দেখা দেয়, শিশুর শোথ হতে পারে, শিশু দিন দিন ক্ষীণ ও দুর্বল হয়ে পড়ে। এরকম অবস্থায় অনেক সময় উদরাময়ও দেখা দিতে পারে। যকৃৎ বা লিভার বড় হলে **ক্যালকেরিয়া কার্ব** ৩০ দিতে হবে। শক্ত হলে **মার্ক আয়োড** ৩ খাওয়াতে হবে। চোখ হলদে বা রক্তশূন্য হলে **মার্কসল** ৬; শিশু ক্রমশঃ রোগা ও ক্ষীণকায় হতে থাকলে **আর্জেন্টাম নাইট্রিকাম** ৩ দিতে হয়; উদরাময় দেখা দিলে **পডোফাইলাম** ৬; কোষ্ঠকাঠিন্য হলে **সালফার** ৩০; শোথ দেখা দিলে **এনিম ৩** দিতে হবে। দিনে ৩ বার ১ ফোটা করে ৭দিন।

শিশুদের কলেরা — জ্বর, শরীর নীলবর্ণ হয়ে পড়া, হাত পা ঠান্ডা, দুর্বলতা, খিঁচুনি, হিক্কা, বমি প্রভৃতি লক্ষণ দেখা দেয়। **কেলিব্রোম** ৩ x গুঁড়ো দিতে হবে। অসুখটা যদি শক্ত ধরনের মনে হয় তাহলে দিতে হবে **ক্যামফার ১২**। এরকম লক্ষণের শ্রেষ্ঠ ঔষধ **ইথুজা** ৬ থেকে ৩০ শক্তির দিতে হবে। গরম ভেদ, অধিক তৃষ্ণা বা তৃষ্ণাহীনতা লক্ষণে **পডোফাইলাম** ৬ খাওয়াতে হবে। প্রতিটি ওষধই আধ ঘন্টা অন্তর ১ ফোটা করে খাওয়াতে হবে।

শিশুদের সবুজ পায়খানা — দাঁত ওঠার সময় শিশুদের সবুজ পায়খানা হয় তাতে ১। **ইলাটোরয়াম** ৩০-১ মাত্রা ২। **ক্যালকেরিয়া ফস** ৬ x , ২ টো ট্যাবলেট বা ২ গ্রেন। ৩। **নট্রাম সালফ্** ২ টো ট্যাবলেট বা ২ গ্রেন। পর্যায়ক্রমে দু ঘন্টা অন্তর খাওয়ালে পায়খানা স্বাভাবিক হবে।

শিশুদের চুলকানি — এ রোগের প্রধান ওষুধ **সালফার** ৩০ থেকে ২০০ শক্তি। যারা শরীরের চুলকালে **অ্যালোমিনা** ৩ x । মলদ্বার চুলকালে **কলিনসোনিয়া** ৩ x । চুলকানির পরে জ্বালা করতে থাকলে **রাসটাক্স** ৩। চুলকাতে চুলকাতে রক্ত পড়তে থাকলে খাওয়াতে হবে **মারকিউরিয়াম মল** ৬ বা **এচিনেসিয়া** দিনে রাতে দু-বার ১ ফোটা করে ৭দিন।

শিশুদের স্তন ফুলে ওঠা — অনেক সময় শিশুর স্তন ফুলে উঠে তখন শিশুরা খ
কষ্ট পায়। এমনও দেখা যায় যে, স্তনে দুধের মতো তরল পদার্থ বের হচ্ছে। এরকম অবস্থ
খাওয়াতে হবে **বেলেডোনা** ৩। পূঁজ হলে খাওয়াতে হবে **হিপার সালফড়** (প্রথমে) **সিলি**
৬ (পরে)। ১ ফোটা করে সকালেও রাতে দুবার ৭দিন।

শিশুদের কান্না — সব শিশুই কাঁদে। শিশু কাঁদলে বুঝতে হবে তার কিছু একট
অসুবিধা হচ্ছে। এই অসুবিধাটা কি তা খোঁজ করে আগে জানা দরকার। কান্নার কারণ
যেমন-শিশু যদি হাঁটু গুটিয়ে পেটের কাছে টেনে আনে তাহলে বুঝতে হবে পেটের কোনে
ব্যাপার। সেক্ষেত্রে পেট ব্যথা বা পেট কামড়ানি দেখা দিয়েছে বলে অনুমান করে নিতে হবে
মুখে আঙ্গুল দিয়ে কাঁদলে বুঝতে হবে ঘুমের মধ্যে কিছু একটা হয়েছে। সেক্ষেত্রে মুখে ঘ
হয়েছে মনে করা যেতে পারে, অথবা দাঁত ওঠবার পূর্ব লক্ষণ বলেও ভাবা চলে। কানে হা
দিয়ে কাঁদলে কানের মধ্যে কিছু হয়েছে যার জন্যে শিশুর অসুবিধা হচ্ছে অনুমান করা যায়
সঠিক কারণ জেনে তবে ওষুধ প্রয়োগ করা উচিত। দাঁত ওঠার সময় শিশু কাঁদলে তাকে
দিতে হবে **ক্যামোমিলা** ৬ বা **পালসেটিলা**-৩০ শিশুর চমকে ওঠা, মাথা নরম গরম প্রভৃতি
লক্ষণে **বেলেডোনা** ৬ দিতে হয়। পেট ব্যথা, উদরাময় প্রভৃতি কারনে অনবরত কাঁদলে
কলোমিন্থ্ ৬ বা **ক্যামফার** ৬, ১ফোঁটা করে ৩ ঘন্টা অন্তর ৩বার ৭দিন সেবনে রোগ নিরাময়
হবে।

শিশুদের তড়কা রোগ — স্নায়বিক দুর্বলতা, আঘাত লাগা, চর্মরোগ বসে যাওয়া
প্রভৃতি কারনেই শিশুদের তড়কা রোগ হয়। কৃত্রিম কারনে এ রোগ অনেক সময় হয়ে থাকে
আবার দাঁত ওঠবার সময়তেও অনেক শিশুর তড়কা রোগ হয়। দাঁত ওঠার সময় তড়কা
রোগ হলে **ক্যামোমিলা** ৬, চর্মরোগ বসে গিয়ে তড়কা হলে **সালফার** ৩০ এবং ঘুম চোখ
লাল, ঘুমন্ত অবস্থায় চমকানো, হাত পায়ের আড়ষ্টতা লক্ষণ **বেলেডোনা** ৬; কৃমির জন্যে এ
রোগ হলে **সিনা** ৩ x, ১ ফোঁটা করে ৩ ঘন্টা অন্তর ৪বার ৭দিন সেবনে রোগ নিরাময় হবে।

শিশুদের নীল হয়ে যাওয়া রোগ — এই রোগে শিশুর সারা শরীর নীল হয়ে যায়
সেই সঙ্গে বুক ধড়ফড় করে। এ রোগের ওষুধ **ডিজিটেলিস** ৬। দিনে ৩বার ১ ফোটা করে
৩দিন।

শিশুদের পেঁচোয় পাওয়া — এ রোগটি নানা ধরনের জীবানু দ্বারা সুতিকাগারে
শিশুকে আক্রমণ করে থাকে। এ ছাড়াও আঘাত বা ঠান্ডা লাগা, অজীর্ণতা প্রভৃতি কারনে এই
উৎকট ব্যাধি হয়। রোগটি আগে পেঁচোয় পাওয়া রোগ বলে প্রচন্ডভাবে শিশুদের মধ্যে প্রভাব
বিস্তার করতো। এই রোগের লক্ষণ হলো শিশু একনাগাড়েই কেঁদে চলে। বুকের দুধ খেতে
চায় না। শিশুর মুখ দিয়ে ফেনা বের হয়, হাত-পা আড়ষ্ট হয়ে পড়ে, খিঁচুনি থাকে, চোয়াল
ধরে যায়। সঙ্গে অজীর্ণতা থাকে এবং বেশ ঠান্ডাও লেগে যায় শিশুর। ঠান্ডা লেগে বেশী
জ্বরের সঙ্গে এই রোগ হলে **এ্যাকোনাইট** ৩; চোখ মুখ লাল, বেশী জ্বর, মাথা গরম প্রভৃতি
লক্ষণে **বেলেডোনা** ৬, ১ ফোটা করে দিনে ৩ বার ৭দিন সেবনে রোগ সারে।

শিশুদের ঘুম না হওয়া — অনেক সময় শিশু ঘুমোতে চায় না বা ঘুমোলেও সঙ্গে সঙ্গে জেগে ওঠে শিশু এজন্য অনবরত কাঁদে। এমতাবস্থায় **নাক্সভমিকা** ৬। খাওয়ার দোষে অনিদ্রায় **পালসেটিলা** ৬, দাঁত ওঠার সময় ঘুম না হলে **ক্যামোমিলা** ৬, ১ ফোটা করে ৩ ঘন্টা অন্তর ৪ বার খাওয়ালে ভাল ফল পাওয়া যাবে।।

শিশুদের ফোঁড়া — বড় মানুষদের মতো শিশুদেরও দেহের যে কোনো জায়গায় ফোঁড়া হতে পারে। এমতাবস্থায় **আর্নিকা ৩, বেলেডোনা ৬, সিকেলিকর** ৬ (পরে) দিতে হবে। পূঁজ হলে **হিপার সালফ্** ৩০ দিতে হবে। ১ ফোটা করে দিনে ৩বার ৩দিন।

শিশুদের চক্ষুপ্রদাহ — অনেক সময় শিশুর চোখ ফুলে উঠে টকটকে লাল হয়ে যায়। চোখের কোনা থেকে পূঁজ পড়ে বা রক্ত পড়ে, মাঝে মধ্যে চোখ জুড়ে যায়। সাধারণতঃ ঠান্ডা লেগে এ রকমটা হয়ে থাকে। এ অবস্থায় জ্বালা-যন্ত্রণা হয়। এমতাবস্থায় শিশুকে **আর্জেন্টাম নাইট্রিকস ৩ বা মার্ক-সল** ৬। **এ্যাকোসাইট ন্যাপ ৩ x**। **বেলেডোনা** ৬ প্রয়োগ করলে ভালো ফল পাওয়া যায়। প্রতিটি ওষুধই ১ ফোটা করে ৩ ঘন্টা অন্তর দিনে ৩বার ৭দিন দিতে হবে।

শিশুদের দাঁত ওঠা — সাধারণতঃ শিশুদের ৬ মাস থেকে ১০ মাস বয়সের মধ্যেই দাঁত ওঠে। অনেকের আবার আরও দেরী হয়। দাঁত ওঠার আগে কয়েকটি উপসর্গ দেখা দেয়, যেমন—উদরাময়, পায়খানা বন্ধ প্রভৃতি। উপরের লক্ষণ সমূহ দেখা গেলে **ক্যামোমিলা ১২** দিতে হয়। দাঁত উঠতে যদি দেরী হয় তাহলে শিশুকে খাওয়াতে হবে **ক্যালকেরিয়া ফস ১২** বা ক্যালকেরিয়া কার্ব ৬। এতেও যদি কাজ না হয় তবে সবশেষে দিতে হয় **সালফার ৩০**। লক্ষণ বুঝে প্রতিটি ঔষুধ দিনে ৩বার।

শিশুদের চোখের পাতায় আঞ্জনি — 'আঞ্জনি' রোগটা হলো চোখের পাতার গোড়ায় ছোট ছোট ফুস্কুড়ি। পরে এই ফুস্কুড়িগুলি একসঙ্গে জুড়ে ফোঁড়ার মতো দেখায়। ঘা ব্যথা হয়, যন্ত্রণা করে। এতে পূঁজ হয়, ফোঁড়া পাকে, ফাটে ও পূঁজ বেরিয়ে আসে। ঘা শুকোলে তবে শিশু আরাম পায়। চোখে পিঁচুটি পড়ে। চোখ অনেক সময় জুড়ে যায়। যে কোন রকম অঞ্জনিতে **হিপার সালফ্** ৬ বা **পালসেটিলা** ৩ দিতে হয়। ১ ফোটা করে দিনে ৩বার। ৭দিনে রোগ সারে।

শিশুদের বেশি লালাস্রাব — মার্কসল- ৩০ বা বেলেডোনা-৩০ তে ভালো ফল হয়। দিনে ১বার ১ ফোঁটা করে ৩ বার।

শিশুদের রাত্রে ভয় — শিশুদের কখনো ভয় দেখাতে নেই। যারা কথায় কথায় শিশুদের ভয় দেখায় সেই সব শিশুদের ভয় পায়। এটা কোন অসুখ নয়। এমনটি হলে **ক্রোয়েলাম (৩০) বা কেলিব্রোম** - (৩০) ১ ফোটা করে দিনে ৩বার দিলে ভালো হয়।

শিশুর হাইড্রোসিল — শিশুদের **হাইড্রোসিল হলে এব্রোটেনাম** - (২০০) তিন দিন পর অন্তত ১ ফোঁটা করে মাসাধিক খাওয়ালে ভালো ফল পাওয়া যায়। ওষুধ খাওয়ার সঙ্গে

সঙ্গে **ক্যাল্কোফ্লুয়োর** (১২x) এর ৪টি ট্যাবলেট ২ বার করে রোজ খাওয়ালে ভালো ফ
ফাওয়া যায়।

শিশুর মাটি খাওয়া — শিশুদের যত কিছুই খাওয়ানো যাক না কেন তারা নিচে প
থাকা জিনিস খুঁটে খেতে ভালোবাসে। অনেক হিশু সুযোগ পেলেই মাটি যায়। এই প্রবৃত্তি
বন্দ করতে প্রথমে শিশুকে খাওয়ান **এলুসিনা** - (২০০) ২ দিন বাদ বাদ ১ মাস। এ
উপকার না পেলে **ক্যালকেরিয়া ফস** (৩x) বা **ন্যাট্রামমিউর-৩০, টিউবার কুলিকাস** এর ৪
করে ট্যাবলেট দিনে ২ বার খাওয়ালে ভালো ফল পাবেন।

শিশুদের মাথায় আঘাত — শিশুদের মাথায় আঘাত পেলে সংগে **আর্নিকা** -৩ এ
সংগে **কুপ্রাম** -৬ মিশিয়ে তিন ঘন্টা অন্তর খাওয়ালে ভালো ফল পাওয়া যাবে। **লিডাম** পে
- ৩ দিনে ৪বার করে, মাস খানেক দিলে কোন সমস্যা থাকবে না।

শিশুদের শিড়দাড়া, ঘাড় বা আঙুলে আঘাতে — হাইপেরিকাম্ - (৩০)
ফোঁটা করে দিনে ৪ বার মাস খানেক খেলে ভালো ফল পাওয়া যাবে।

শিশুদের খাই খাই করা — সাধারণ ক্রিমির জন্যই শিশুরা খাই খাই করে। এরূপ
ক্ষেত্রে উপযুক্ত ঔষধ হল **সিনা** -(৩০)। দিনে ১ ফোঁটা করে ৭দিন খাওয়ালেই এরোগ সারে

শিশুদের হার্পিস — হার্পিস রোগে দাদের মত গোল চাকা চাকা বের হয়। ঘাড়ের
গোড়াতে, গলার নীচেই এটা সাধারণত হয়। তবে অন্য জায়গাতেও হতে পারে। ক্ষত শুকাবার
জন্য **হচিনেসিয়া** θ এর সঙ্গে **সোফেরা** θ মিশিয়ে ক্ষত স্থানে লাগান। ক্ষত শুকিয়ে যাবে
আর রোগ নিরাময়ের জন্য **আর্সেনিক** (৩০) দিনে ৩ ঘন্টা অন্তর ৪ বার, **রাসভেন** -৬ দিনে ৪
বার, **র‍্যানানকিউলস সেলিয়েটাস** (৩০) দিনে ৪বার ৭দিন খেতে হবে।

পেটের রোগ

আমাশয় — মার্কসল ২০০ সপ্তাহে ১ বার ১ ফোঁটা করে বা **ড্যাফ্রিনিনাম ষাট** θ দিনে
তিন বার ৭ দিন সেবনে আমাশয় নিরাময় হয়।

রক্ত আমাশয় — ফেরাম ফস ৩ x এবং **কেলিফস ৩ x** দুটি ঔষধ পর্যায়ক্রমে এক
ঘণ্টা অন্তর খেলে ভালো ফল পাওয়া যায়। দীর্ঘদিনের হলে পরপর ১৫ দিন। কম দিন হলে
৭দিন।

হঠাৎ পেটে ব্যাথা — এ্যাকোনাইট ন্যাপ θ **ক্যালেসিন্থ** θ ১ কাপ ঠাণ্ডা জলের
সঙ্গে মিশিয়ে ৩বার খাওয়ান ব্যথা কমবে।

**এ্যাপেন্ডিসাইটিস — বেলেডোনা- ৩ x , মার্কসল- ৩ x, ল্যাকোসিস- ৩০ কলোসিন্থ
৬, ফেরামফস- ৬ x, কেলিমিউর ৬ x** , এর যে কোন একটির ব্যবহারে ভালো ফল পাওয়া
যায়। ১ ফোটা করে দিনে দুবার। ১ মাস সেবনে ভালো ফল পাওয়া যায়।

উদরাময় — নেট্রাম সালফ ৬, পালসেটিলা-৬, চায়না θ ১০ ফোঁটা ঠান্ডা জলের
সঙ্গে সেবন করলে ভালো ফল পাওয়া যাবে। দিনে ৩বার ৭দিন।

কলেরা/আন্ত্রিকে — কলেরার শুরুতে **নেট্রাম ফস** - ৬x এবং **নেট্রাম সালফ** ৬x এর ৫+ ৫ টি করে বড়ি ১৫ থেকে ৩০ মিনিট অন্তর খাওয়ালে মল ত্যাগ কমবে। এগুলির সঙ্গে ৪ ঘন্টা অন্তর রোগীকে দিতে হবে **ভেরেট্রাম এল্বাম** - ৬। **মার্কসল** -৬ এবং **ব্যপ্টি সিয়া** θ ১০ ফোটা করে প্রতি ঘন্টা খাওয়ালেও মলত্যাগ বন্ধ হবে। মল ত্যাগের পর যদি শরীর খুব দুর্বল হয়ে পড়ে এবং বিভিন্ন জায়গায় খিঁচুনি ধরে তবে তাদের **কুপ্রাম আর্স** -৩০ প্রয়োগে ভালো ফল পাওয়া যাবে।

বসন্তে — রোগের সূচনাতেই রোগী দিন **স্যারাসিনিয়া** -৬ **এবং হাইড্রোসটিস** θ ৮-১০ ফোঁটা করে প্রতিদিন ৪ বার ৭দিন। গুটিগুলি শুকতে আরম্ভ করলে রোগীকে **হাইড্রাসটিস** θ প্রয়োগ করতে হবে। যদি বসন্তের গুটি থেকে রক্ত বের হয় তবে রোগীকে দিতে হবে। **ক্রোটেলাস হরি**-৩০ দিনে ৪ বার করে দিলে রক্ত পড়া বন্ধ হবে। বসন্ত রোগের আর একটি ভালো ঔষধ হল **কেলিসালফ** ৬x ও **ক্যালিমিউর** ৬x এর ৪টে করে ট্যাবলেট দিনে ৪ বার করে খেলেও ভালো ফল পাওয়া যায়। **রাসটক্স** - ৩০ ঔষধটিও এই রোগে কার্যকারী হয়। বসন্তের গুটি মেলাতে দিন **থিওসিয়াসিন** - ৬।

গ্যাসটিক আলসার — **হাইড্রোসটিস** θ ৮-১০ ফোঁটা দিনে ৪বার প্রয়োগে গ্যাসটিক আলসারে ভালো ফল পাওয়া যায়। **নেট্রাম ফস** ৩০দিনে ৪বার। **জেরেনিয়াম মেকুলিনাম** θ, **সিম্ফাইটাম** θ, ৮-১০ ফোটা মিশিয়ে ব্যবহার করলে ভালো ফল পাওয়া যায়। ৪ দিনে ৪বার ব্যবহার করতে হবে।

গলব্লাডারের পাথরে — যদি **হাইড্রাসটিস** θ ৮-১০ ফোঁটা করে ৩ ঘন্টা অন্তর দিনে ৪ বার বেশ কিছুদিন খাওয়া যায় তবে পাথর গলবে। **ম্যাগফস** ৬ x, **নেট্রাস ফস** - ৬ x, এবং **ক্যালকোরিয়া ফস** এবং দুটি করে ট্যাবলেট দিনে ৪ বার করে বেশ কিছুদিন ভালো ফল পাওয়া যায়। তার সঙ্গে খেতে হবে **সিয়োন্যাথাস** θ, **চেলিডোনিয়াম** θ, ও **বা বেঁরিস** θ, ১০-১২ ফোঁটা করে দিনে ৪ বার।

পাকস্থলী ও অন্ত্রের ক্যানসারে — **ওর্নিথোগেলাম বা হাইড্রাসটিস** ৮-১০ ফোঁটা করে দিনে ৩ বার।

জন্ডিস — **ক্যারিকাপেপে** θ, **সিয়োন্যানথাস** θ , **চেলিডোনিয়াম** θ , **মাইরিস্টিকা** θ, র প্রত্যেকটি ৫ ফোঁটা করে দিনে ৪ বার খেতে হবে। তার সঙ্গে **ক্যালকেরিয়াফস** ৬ x , **নেট্রাম ফস** ৬x , **ম্যাগফস** -৬x , **হাইড্রাসটিস** θ ২ ফোঁটা প্রতিটির ২টি করে ট্যাবলেট দিনে ৪ বার খেতে হবে। আর সব চয়ে এই রোগের যেটি প্রয়োজন তা হল তাকে ঝাল, মশলা, ছাড়া পেপে, কাঁচকলা, ঝিঙে প্রভৃতির পাতলা ঝোল, চারা জ্যান্ত মাছ মশলা ছাড়া খেতে দেবেন। জল ফুটিয়ে দেবেন। পায়খানা সাদা হলে দেবেন **ডলিকাস** - ৩০ দিনে ৩/৪ বার।

হিল ডায়োরিয়ায় — পাহাড়ে উঠলে বা পাহাড়ি পরিবেশে যাদের ডায়োরিয়া হয় তাদের প্রথম দিন **আর্সেনিক্ত এ্যাল্ব** -৩০। ১ ফোটা করে দিনে ৩ বার। তার সঙ্গে দিন ডালকামারা -৩০।

গলব্লাডারের ব্যথায় — এই ব্যথার একটি ভালো ঔষধ ক্যান্থারিস ৬। এছাড়া **কার্ডুয়াস θ, বার্বেরিস এল θ, স্টিগমাটা মাইডিস θ**, প্রতিটি ১০-১২ ফোঁটা ১৫ মিনিট অন্তর এবং সঙ্গে **ম্যাগফস** ৬x এর ৪টি ট্যাবলেট দিনে ৪বার করে গরম জলের সঙ্গে খেলে ভালো ফল পাওয়া যায়।

কোলাইটিসে-পাইরোজিনা ২০০ ও আর্জেন্টাম নাইট্রিকাম ২০০ একদিন পর একদিন দিনে ১ বার বেশ কিছুদিন খেলে রোগ নিরাময় হয়।

অ্যাপেন্ডিসাইটিস — এই অসুখের লক্ষন হল খাওয়ায় অনিহা, প্রায়ই খাবার পর বমি হয়। ডানদিকের তলপেটে কি একটা জমে আছে মনে হয়, সামান্য যন্ত্রনা হয়। কোষ্ঠবদ্ধতা থাকে। এরূপ হলে রোজ সকালে খান **ব্রায়োনিয়া -২০০**, বিকেলে **প্লাসবাম ২০০** ও রাতে **লাইকোপোডিয়াম ২০০**, যদি পেটে যন্ত্রনা হয় তবে দিনে **ম্যাগফস -৬x**, এর ৪টি ট্যাবলেট এবং **আইরিসটেনেক্স-৬** এর ৪ বার খাওয়ালেও ভালো ফল পাওয়া যায়। এসব ঔষধ প্রয়োগের পর যদি দেখা যায় রোগের উপশম হচ্ছে না - তবে চিকিৎসকের পরামর্শ নেওয়া প্রয়োজন।

জিয়াডিয়া — জিয়াডিয়া রোগে বেশি পরিমানে খায়, কিন্তু শরীরের অবনতি হয়। তার কারন একপ্রকার জীবানু সব খাদ্য গ্রহণ করে শরীরকে দুর্বল করে তোলে। এরূপ রোগে **আর্টিস্টা ইন্ডিকা - θ, এসবেলিকা রাই θ, কুর্চ্চি - θ, টারমেনিলা চিবুজা θ**, এই ঔষধগুলির প্রত্যেকটির ৪-৫ ফোটা করে রোজ ৩ বার করে বেশ কিছুদিন খেলে রোগ নিরাময় হবে।

কোষ্ঠকাঠিন্য — **ম্যাগনেসিয়া মিউর, সিলিকা ৩ x, নেট্রাম মিউর ৩ x**, সকালে ১০-১২ ফোঁটা সেবনে কোষ্ঠকাঠিন্য দূর হয়। ১ফোঁটা করে ৩ বার ৭দিন।

চর্ম রোগ

নখকুনিতে — সাইলোসিয়ার সঙ্গে **কেলেন্ডুলা θ** ও **ইচিনেসিয়া θ** নখের গোড়ায় ৩বার করে ৩দিন লাগান নখকুনি সারবে।

আঁচিলে — **থুজা ২০০** রাতে শোবার আগে লাগালে বা **ক্যালকেরিয়া ৩ x** দিনে ৩/৪ বার লাগালে আঁচিল নিরাময় হবে। ১মাস লাগাতে হবে।

আঙুলে হারায় — **হিপার সালফা ৩ x** দিনে ৭/৮ বার লাগান বা **সাইলোসিয়া** লাগান। যদি পুঁজ বের হয় তবে **ক্যালকেরিয়া সালফা ৬ x** ট্যাবলেট গোটা চারেক গুড়ো করে লাগান। ৭দিনেই ফল পাবেন।

হাম — **পালসেটিলা-৬ ও ম্যালেন্ডিনাম ৩০** সেবনে ভালো ফল পাওয়া যায়। দিনে ৩ ঘন্টা অন্তর ৪বার ১ ফোটা করে।

অন্ডকোষে ফোঁড়া — **ক্যালকেরিয়া আর্স ৩ x**, ১ ফোটা করে দিনে ৩বার ৭দিন খেলে ভালো ফল পাওয়া যায়।

নারাঙ্গা — **বাসটক্স-৩০, স্ট্যাফাইলোকসিন ৩০** প্রয়োগে ভালো ফল পাবে।

দাদে — নেট্রাম সালফ ২০০ বা ব্যাসিলিনাম ১০০০, ১৫ দিন অন্তর ১ মাত্রা খেতে হবে। ৭দিনেই সুফল পাওয়া যাবে।

একজিমাতে — রাব ভেন ও লেডাম পল ৬ দিনে ৪বার ১ ফোঁটা ব্যবহারে ভালো ফল পাওয়া যায়।

দুর্গন্ধময় ঘামে — সাইলিসিয়া-৩০, এ্যাসিড্ নাইট ২০০, সোডিয়াম-২০০ তো ভালো ফল পাওয়া যাবে।

গায়ের জামা খুললেই গা চুলকানি — গায়ের জামা খুললেই যাদের গা চুলকানি হয় তারা যদি **রিডমেক্স** -৩০, **নেট্রাম সালফ** ১২x এর ৪টি করে ট্যাবলেট দিনে ৩ বার খায় তবে ভালো ফল পাওয়া যায়।

ঠোঁটের কোনে সাদা ঘা হলে — ক্যালেনডুলা θ, ৮-১০ ফোটা দিনে ৩ বার। তার সঙ্গে মাঝে মাঝে **এসিড নাইট্রিক** ২০০ দিন।

স্নায়ু - বক্ষ ও মাথার রোগ

বাত — **ফেরাম ফস** ৬x বা **কেলিফস** ৬ x ১০-১৫টি ট্যাবলেট চা বা কফির সঙ্গে মিশিয়ে রোজ সকালে ও সন্ধ্যায় সেবন করুণ। যে কোন বাতে ৭দিন সেবনেই ভাল ফল পাবেন।

উকুনে — **স্ট্যাফিসেগ্রিয়া** θ ৫০ml নারকেল তেলের সঙ্গে মিশিয়ে দু-তিন বার মাথায় লাগান। মিনিট পনেরো মাথায় মেখে শ্যাম্পু করুন। এর সঙ্গে অবশ্য স্ট্যাফিসোবিয়া ২ বার খেতে হবে। ৭দিনে উকুন ধ্বংস।

পক্ষাঘাত — যদি ডানদিকে পক্ষাঘাত হয়, তবে সেই রোগীকে দিতে হবে **কষ্টিকাম** - ১০০০ দিনে ৪ বার ৮/১০ ফোটা আর যদি বামদিক আক্রান্ত হয় তবে দিতে হবে **ল্যাকেসিস** -১০০০ ১ দিন বাদে ১ দিন ৪ বার। তার সঙ্গে দিন **স্টিনিয়া ফস** ৩X। এর সঙ্গে ফিজিও থেরাপি করলে ভালো হয়।

এই আরও কয়েকটি প্রয়োজনীয় ঔষধ হল **ক্যালকেরিয়া ফস** ১২X এবং **কেলিফস** ১২X এর ৩ টি করে ৬টি ট্যাবলেট কিছুদিন খেলে ভালো হয়।

স্পন্ডিলাইটিস — **ক্যালকেলিরিয়া ফ্লোর** ৩০ X, **কেলি কিউর** ৩০ X, **ম্যাগফস** ৩০ X এর ৮ টি করে ট্যাবলেট দিনে দুবার খাবারের পর সেবনে ভালো ফল পাওয়া যাবে। ৭দিন সেবনীয়।

স্মৃতি শক্তি হ্রাসে — **ব্রামভি** θ ১০ ফোটা **কেলিফস**- ৬ X দিনে ২ বার ২টি করে মাসখানেক খেলে স্মৃতি শক্তি বৃদ্ধি পাবে।

স্বরভঙ্গ — **বোরাকস ২ x** ১০ মিনিট অন্তর ৩ গ্রেন পরিমান খেলে বা সোহাগার খই গালে রাখলে ভালো ফল পাওয়া যায়।

আধকপালে — ডানদিকে হলে **সাঙ্গুনেরিয়া কেন ২০০** এবং বা দিকে হলে **স্পাইজিনিয়া ২০০** দিতে হবে। ১ ফোটা করে ২ বার।

মৃগী রোগ — **হাইড্রোসিয়ানিক এ্যাসিড- ৩x, কেলিফস ৬x,** এ ভালো কাজ দেয়। ৩ ঘন্টা অন্তর ৪বার ১ ফোটা করে ৩দিন।

বধিরতা — **চোরিয়েনথাস চেরি θ** ৫-৬ ফোঁটা করে দিনে ৩ বার সেবনে ভালো ফল পাওয়া যায়।

ফিকব্যথা — **স্টিচনিয়া ফস** ৩ x , **কেলিফস- ১২ x** পর্যায়ক্রমে সেবনে রোগ নিরাময় হবে। দিনে ৩বার।

মাইগ্রেণ — একে বলে আধ কপালে। কখনো মাথার ডানদিকে, কখনো বামদিকে ভীষণ যন্ত্রনা হয়। যদি বা দিকে যন্ত্রণা হয় তবে **সিনাবোরিস** (৩x) ৭দিন রোজ ৪ বার খেলে ভালো ফল পাওয়া যায়। ও **নাডসমোডিয়াম** (৬) প্রয়োগেও ভালো ফল পাওয়া যায়। যদি ডান দিকে যন্ত্রণার উপশম হয়। অম্বলের জন্য মাথায় যন্ত্রণা করলে **ক্যাপসিকাম** ৩০ রোজ ৪বার ১ ফোঁটা করে ৩ দিন খেলে ভাল ফল পাওয়া যাবে। যদি লিভারের জন্য মাথায় যন্ত্রণা হয় তবে খান **জগুলেস সিনোরিয়া** ৬, ৭দিন ১ফোঁটা করে দিনে ৩ বার। যদি মাথায় যন্ত্রণা প্রতিদিন একই সময় হয় তবে সেই রোগীকে **সিড্রন** -৩০, ১ মাস দিনে ৩ বার ১ ফোঁটা করে খেতে হবে। ক্রনিক মাথার ব্যায় সেবন করুন- **ক্যালকেরিয়া ফস-২০০, স্পাইজেলিয়া** - ২০০ বা **ক্যালিকোরিয়া কার্ব** - ২০০, ৭দিন ১ ফোঁটা করে ৩বার।

সায়েটিকা — যারা সায়েটিকা রোগে ভোগেন তাদের ৭দিন পর পর দিতে হবে **কলেসিন্থ** ১০০০ ১বার। **কলোসিন্থ - ১০০০** তিন দিন পরপর। **ন্যাফেলিয়ম -৬ বা** ৩০ দিনে ৪ বার শীত কাতুরে রোগীদের দিতে হবে **কেলি আয়োড - ১০০০** সপ্তাহে ১ বার। এছাড়া **ম্যাগফস ১২x , কেলিফস ১২x** এবং **নেট্রাম মিউর** ১২x এর ২টি করে ট্যাবলেট গরম জলের সঙ্গে দিনে দুবার খেলেও উপকার পাওয়া যায়।

লিখতে লিখতে হাত অবস হলে — **কেলি ফস** ৬x, ৪টি ট্যাবলেট দিনে ৩ বার **জেলসিসিয়াম** -২০০, ১ বার। **স্টানম ২০০** দিনে ১ বার সেবনে ভালো ফল পাওয়া যায়।

উন্মাদ রোগে — পাগলামির লক্ষণ দেখা দিলেই প্রথম থেকেই রোগীকে দেবেন **প্ল্যামিক্লোরাইন θ** এবং **রাওলফিয়া সারপেন্টাই θ**, ২০ ফোটা করে মোট ৪০ ফোঁটা দিনে ৩ বার। তার সঙ্গে দেবেন **ইগ্নেসিয়া - ২০০, হায়োমিয়েমাস ২০০ বা স্ট্যামোনিয়াম** ২০০ এর যে কোন একটি ২০ ফোঁটা করে দিনে ২ বার। রোগীর পাগলামো যদি দিনে বেশি বাড়ে তবে তাকে উপরের ওষুধগুলির যে কোন একটির সঙ্গে দিন **নেট্রাম মিউর** ২০০। আর যদি রাতে

পাগলামো বাড়ে তবে রোগীকে দিতে হবে - **সাইলেসিয়া - ২০০** এছাড়া উন্মাদ রোগে এছাড়া উন্মাদ রোগে **কেলিফস ২০০x** , **নেট্রাম সালফ ২০০x** , এবং **ফেরাম ফস - ২০০x** এর প্রত্যেকটির ২টি করে ট্যাবলেট দিনে ২ বার করে খাওয়ালেও ভালো ফল পাওয়া যায়।

ট্রেনে ও বাসে অসুস্থতায় — যে সব ব্যক্তি ট্রেনে বা বাসে উঠলেই অসুস্থ হয়ে পড়ে। যাদের সে সময় পেটের যন্ত্রনা বা গ বমি বমি ভাব হয় তাদের **আর্টিস্টা ইন্ডিকা** θ,বাসে বা ট্রেনে ওঠার আধ ঘন্টা আগে ২/৩ ফোটা খাওয়ালে এবং ট্রেনে বা বাসে উঠলে খাওয়ালে বমি হবে না, পেটের যন্ত্রনা হবে না। ট্রেনে বা বাসে ওঠার আগে থেকেই যদি বমি বমি ভাব থাকে তবে তাকে **কুকুনাস ইন্ডিকা** ৬ - ৮ বার ২/৩ ফোটা খাওয়ালে বমি হবে না।

বেশি পড়াশুনা করে শরীর খারাপ হলে — **ফাইত ফস** ৩x, বা ৬x, দিনে ৪টি ট্যাবলেট ৩ বার খান। সঙ্গে **ককুলাস ইন্ডিকা** -৬ দিনে ৩ বার খান। ভালো ফল পাবেন।

সর্দি - কাশি - জ্বর রোগে

সর্দি, কাশি ও হাঁচি — **এ্যাকানাইট ন্যাপ ৬ বা নেট্রাম মিউর** ৬, ২-৩ ফোঁটা খেতে দিলে হাঁচি বন্ধ হবে। **ব্রায়োনিয়া** ৩০ তেও কাশি-সর্দিতে ভালো ফল পাওয়া যায়। দিনে ৩বার ৭দিন খেতে হবে।

হাঁপানি — হাঁপানিতে যদি শ্বাসকষ্ট হয় তবে **এমিল নাইট্রেট** θ ৮/১০ ফোঁটা রুমালে বা ন্যাকড়ায় ফেলে নাকের কাছে ধরে তার ঘ্রাণ নিলে শ্বাসকষ্ট দূর হবে। তাছাড়া **কেলিসলফ** ৬ x, **কেলি ফস** ৬ x, **ম্যাগফস** ৬ x, **ফেরাম ফস** ৬ x, ৪টি ট্যাবলেট গরম জলের সঙ্গে মিশিয়ে ১৫ মিনিট অন্তর খাওয়ালে ভালো ফল পাওয়া যায়। ৭দিন খেয়ে বন্ধ করে আবার খেতে হবে।

তরুণ/তরুণীদের তরল সর্দি — **এভেনাস্যাটোইভা** θ ২০ ফোঁটা জলের সঙ্গে মিশিয়ে ১ ঘণ্টা অন্তর খাওয়ালে সর্দি ভালো হয়। দিনে ৩বার ৩দিন।

ব্রংকোনিউমোনিয়া — **এন্টিস আর্স**- ৩ x বা **ফেরাম ফস**- ৩ x ১ ঘণ্টা অন্তর সেবনে ভালো ফল পাওয়া যায়। ১ ফোটা করে দিনে ৩বার ৭দিন।

নেফ্রাইটিস — **নেট্রাম ফস** ৬ x, ১২ x এ ভালো ফল পাওয়া যায়। দিনে ৩বার ৭দিন খেতে হবে।

রক্তকাশ — **ফেরাম ফস** ৩x, **কেলিমিউর**-৩x, **ম্যাগফস** ৩x তিনটি ট্যাবলেট পর্যায়ক্রমে খেলে ভালো ফল পাবে। দিনে ৩বার ৭দিন।

মাম্স — **পেরোটিটিউডিনাম ২০০ বা মার্কসল ২০০** সেবনে ভালো ফল পাওয়া যায়। দিনে ১বার ১ ফোটা করে তিন দিন।

বৃদ্ধদের কাশিতে — বেশির ভাগ বৃদ্ধই রাতে ও দিনে খুক খুক করে কাশে। এটি বন্ধ করার শ্রেষ্ঠ ঔষধ হল **জেরেনিন** - ৬ x । বেশ কিছুদিন ২/৩ ফোটা করে দিনে ৩ বার এই ঔষধটি খেলে রোগ নিরাময় হয়। আর রাতে জল কম খেতে হবে।

বৃদ্ধদের টনিক — হার্ট দুর্বল বৃদ্ধদের **অকজায়াকান্থা** θ **অর্জুন** θ, এডোনিস ভ্যার্নালিস θ এবং **ক্রটিগাস** θ এই চারটি ওযুধের প্রত্যেকটির ৫/৬ ফোঁটা মিশিয়ে ৩দিন অন্তর বেশ কিছুদিন খেলে হার্টের দুর্বলতা কমে। যদি হার্ট রেট বেড়ে যায় বা বুক ধড় ফড় করতে থাকে তবে সেই রোগীকে তৎক্ষণাৎ **ক্যাকটাস গ্রান্ডি** θ বা **আইবোরিস** θ ১০/১২ ফোটা দিনে ৩ বার খাওয়ালে ভালো ফল পাওয়া যায়। সিগারেট/বিড়ি খেয়ে যাদের হার্টের ট্রাবল দেখা দেয় তাদের **স্ট্রাফেনথাস** θ ৫/৬ ফোটা দিলে ভালো ফল পাওয়া যায়।

প্লেগ — **ট্যারেন টিউনা কিউব** ৩০ সেবনে রোগ নিরাময় হবে। ৩বার ১ ফোঁটা করে।

ইনফ্লুয়েঞ্জা ও ডেঙ্গু — যদি বুক, পিট, মাথা, হাত, পা এবং শরীরের প্রতিটি গাঁটে অসহ্য ব্যথা হলে সেই রোগীকে দিন **ইউপেটোরিয়াম পার্ফো** - ৩০, ২ ঘন্টা অন্তর ৮ বার ২/৩ ফোঁটা করে। নাক দিয়ে যদি কাঁচা জল পড়ে এবং কখনো শীত কখনো গরম বোধ হয় তবে দিতে হবে **আর্সেনিক আয়োড**-৬ দিনে ২-৩ ফোটা করে ৬ বার। প্রচণ্ড জ্বরের প্রকোপে রোগী যদি প্রচণ্ড দুর্বল হয়ে পড়ে তবে দিতে হবে **জেলসিমিয়াম**-৩০ দিনে ২ফোঁটা করে ৩ বার ৭দিন। যদি খুব জল পিপাসা থাকে তবে রোগীকে দিতে হবে - **ব্রায়োনিয়া**-৩০। এছাড়া ইনফ্লুয়েঞ্জা ও ডেঙ্গুর আর কয়েকটি অতি প্রয়োজনীয় ঔযুধ হল -**ইনফ্লুয়েঞ্জাম** -২০০, রাসটক্স -৩০, ডালকামারা -৬x , আর্সেনিক এল্ব-৬।

ইনফ্লুয়েঞ্জা ও ডেঙ্গুর দুর্বলতার দূর করতে — ব্রোটেনাম-৩০ একটি গুরুত্বপূর্ণ ঔষধ। **কেলিফস** ৬x এবং **নেট্রামসালফ** -৬ দিনে ৪বার ৬দিন ২ ফোঁটা করে খেতে হবে।

নিউমোনিয়া — নিউমোনিয়া যদি শিশুদের হয় তবে তাদের দিতে হবে ওসিয়াম স্যাংক - θ, **নিউমোককিন** -২০০, জাস্টিসিয়া θ, ব্রয়োনিয়া θ, স্পঞ্জিয়া θ একসাথে ফোঁটা করে মিশিয়ে দিনে ৪ বার দিতে হবে। আর বড়দের ক্ষেত্রে **কেলিমিউর ৬**, কেলিসালফ ৬x এবং **ফেরাম ফস** ৬x এর ২টি করে মোট ৬টি ট্যাবলেট দিনে ৪ বার খাওয়ালে ভালো ফল পাওয়া যায়।

হুপিংকাশি — রোগী যদি একনাগাড়ে কাশতে থাকে তখন তাকে দিতে হবে **ড্রসেরা** ৩০ দিনে ৩ বার ১০ ফোঁটা করে। রাতে কাশি বাড়লে দিন **এমনব্রোম** ৩x , ১০ ফোঁটা করে ৪ বার। কাশতে কাশতে যদি খিঁচুনি, ধরে তবে দিন **কুপ্রামমেট** ৩x, দিতে ১০ ফোঁটা করে ৪ বার। কাশতে কাশতে বমি হলে দিন **মিফাইটিস** ৬ - ৪ বার ' এর সঙ্গে **কেলিমিউর** ৬x, **কেলিসালফ** ৬x, ও **ম্যাগফস** ৬x, ২ ফোঁটা করে গরম জলে দিয়ে ৪-৫ বার খাওয়ান। হুপিং কাশি খুব বাড়াবাড়ি হলে **ওলিয়াম সেন্টেল** θ, **জাস্টিসিয়া** θ ও **ব্রামভি** θ, ওষুধগুলির প্রতিটির ৫ ফোঁটা করে ১৫ ফোঁটা দিনে ৪ বার খেলে হুপিং কাশিতে ভালো ফল পাওয়া যায়। হুপিং কাশির শুরুতেই যদি **ক্যাসটানিয়াডেস**- θ, প্রয়োগ করা যায়, তবে কাশি বাড়ে না।

হাঁপানি — পেটের গোলমালের সঙ্গে হাঁপানি থাকলে বিস্মথ -৬, ৪বার ৫ ফোটা করে খেলে ভাল হয়। শুয়ে থাকলে হাঁপানির টান বাড়ে রোগী বসে থাকতে বাধ্য হয় এমন

অবস্থায় পুরুষদের **গ্রেনভেলিয়া** θ এবং স্ত্রীলোকদের **এম্ব্রাগ্রিসিয়া** ৬, ৫ ফোঁটা করে ৪ বার খাওয়ালে ভালো ফল পাওয়া যায়। রোগা চেহারার রোগীদের দিন **এসপিডাসপরেমা-** θ ১০ফোঁটা করে দিনে ৪ বার। বয়স্ক লোকদের দিতে হবে **স্যাম্বুকাস** θ ও **সেনেগা** θ এই দুটি ঔষধ ৫ ফোঁটা করে দিনে ৪ বার দিন। অনেক সময় চুলকানি বসে গিয়ে হাঁপানি হয় এরূপ অবস্থায় **বো-ভিস্টা -২০০, সালফার-২০০,** এবং **সেরিনাম - ২০০,** ৫ ফোঁটা করে ৪ দিন খেলে ভালো ফল পাওয়া যায়। হাঁপানির টান কমাবার জন্য **ক্যালিমিউর ৬ x, কেলিফস** ৬x , **কেলিসালফ** ৬x, **নেট্রাম সালফ** ৬x , **ফেরাম ফস** ৬x এবং **ম্যাগফস** ৬x এর ৪ টি করে ট্যাবলেট গরম জলের সঙ্গে খাওয়ালে ভালো ফল পাওয়া যায়। হাঁপানির পক্ষে **এরোলিয়া রেসিমোসা** θ , **জস্টিসিয়া** θ , **জাব্বাসান্ট** θ , **ব্লাটা ওরিওয়েন্টালিস** θ , **নোবেলিয়া** ঔষুধগুলিও হাঁপানি রোগের পক্ষে খুব উপযোগী।

কানের রোগ

কানের ফোঁড়া — মাইরিসটিকা ৩ দিনে ৫-৬ বার বা **কার্ব্বোলিক এ্যাসিড** ৬ দিনে ৫-৬ বার সঙ্গে **ক্যালেন্ডুলা** θ দিতে হবে।

কানের যন্ত্রণা — প্লান্টাগো θ + **মূলেন অয়েল** θ মিশিয়ে ৩-৪ ফোঁটা কানে দিয়ে গরম সেঁক দিলে বেশির ভাগ সময় যন্ত্রণা কমে যায়। সঙ্গে **একোনাইট নেপ** ৬দিন দিনে ৪-৫ বার বা **পালসেটিলা** ৩০ দিনে ৪ বার ভীষণ ভাল।

কানে পুঁজ — সাইলেসিয়া ২০০ দিনে এক বার বা **সাইলেসিয়া** ৬x + **ক্যালকেরিয়া সালফ** ৬ x , ৪ + ৪ = ৮টা ট্যাবলেট দিনে ৩ বার। পুঁজে যদি খুব দুর্গন্ধ থাকে তবে **টেলুরিয়াম** ৬ দিনে ৪ বার এবং পুঁজ খুব ঘন হলে **পালসেটিলা** ৬দিনে ৪ বার এর সঙ্গে **মূলেন অয়েল** ৩-৪ ফোঁটা দিনে ৪ বার। যাদের বার বার কানে পুঁজ হয় তারা **সোরিনাম** ১০০০ দু সপ্তাহ ছাড়া ছাড়া একবার এবং পুকুরে বা কোন জায়গায় ডুব দিয়ে চান করা বন্ধ করতে হবে।

চোখের রোগ

চোখে বাবরি — পালসেটিলা ৬, এক ঘণ্টা অন্তরখেলে ভালো ফল পাওয়া যায়। ১ফোটা ৭দিনে খেতে হবে।

ছানি — ক্যালকেরিয়া ফ্লোর ১২ x এর ৩টি করে দিনে ৩ বার ১ফোটা খাওয়ানো এবং **মেরিটিকা সাক্কাস** চোখে লাগালে ছানি কেটে যাবে।

রাত কানা — লাইকোপেডিয়াম ২০০ এবং **ফসফরাস** ৬ সেবনে ভালো হয়। রাতে শোবার আগে ১ বার, ৭দিন।

চোখ ওঠায় — হিপার সালফ, সাইলেসিয়া, মাইরেস্টিকা ৩০ সেবনে ভালো ফল পাওয়া যায়। ১ ফোঁটা করে দিনে ৩বার ৭দিন।

চোখের ছানিতে — যে সব ওষুধ গুলি বেশ কিছুদিন ধরে খেতে হবে তা হ
ক্যালকেরিয়া ফ্লোর ১২x এর ৪টি করে ট্যাবলেট দিনে ৩ বার, **ক্যালকেরিয়া কার্ব** ২০০ দিনে
২ বার অন্তত ১ মাস খেতে হবে। এর সঙ্গে দিতে হবে **সেনেগা** - θ ও **সিনোরিয়া মেরিটিক সক্কাস** θ।

চোখের পরিশ্রমে ঝাপসা দেখায় — **ইউরো** ৩০ দিনে ৪ বার এবং **রুটাজি** ২০০ দিনে ৩ বার ব্যবহারে ভালো ফল পাওয়া যায়।

ধুমপায়ীদের চোখের অসুবিধায় — **ফসফরাস** ৬ বা ৩০ দিনে ৩ বার সেবনে ভালো ফল পাওয়া যায়।

দিনকানা — দিন কানা রোগে **বোথ্রপাস** ৩০ দিনে ৩ বার ব্যবহারে চোখের দৃষ্টি ভালো হবে।

রাতকানা — রাতকানা রোগে **ফাইজাগটিগমা** ৩০ দিনে ২বার ব্যবহারে ভালো ফল পাওয়া যাবে। **রেড সোর ল্যাকোসিস** ৩০ দিনে ৪ বার বা **ইনসুলিন**- ৩০ দিনে ৪ বার সেবনে ভালো ফল পাওয়া যায়। **জিরেনিয়াম** θ, **আর্নিকা** θ, **কালেন্ডুলা** θ এবং **ইচিনেশিয়ার** θ চারটি ঔষধ ৫ ফোঁটা করে মিশিয়ে তা দিয়ে বেড় সোরের ক্ষত পরিষ্কার করলে ক্ষত সারে।

দাঁতের রোগ

দাঁতের এনামেল ক্ষয়ে — দাঁতের এনামেল ক্ষয় রোধে **ক্যালকেরিয়া ফ্লোর** এর সঙ্গে **হেক্লালাভা** ৩x এর ১০ ফোটা মিশিয়ে রোজ দুবার করে বেশ কিছুদিন ব্যবহার করলে এনামেল ক্ষয় রোধ হবে।

দাঁত কড়মড় — অনেক শিশুই রাতে ঘুমের মধ্যে দাঁত কড়মড় করে। এটা সাধারণত ক্রিমির জন্যই হয়ে থাকে। তাই প্রথমে **সিনা** - ৩০, ২ফোঁটা করে দিনে সকালে ও সন্ধ্যায় দিন। এতে কাজ না হলে **সোমরাজ** θ ২-৩ ফোঁটা করে ৪বার বা **গ্লানেটাম** ২-৩ ফোঁটা ৪ বার করে কিছুদিন খাওয়ালে এই রোগ সারে।

আক্কেল দাঁত ওঠা ও না ওঠার কষ্টে — **ক্যালকেরিয়া ফস** ১২x, **ম্যাগনেশিয়া ফস** ১২x এবং **সাইলেসিয়া** ৬x এর ৩টি করে ট্যাবলেট এবং তার সঙ্গে **চেরিয়েন্থাস** ৩x দিনে ৩-৪ বার দিনে ৪ বার ২/৩ ফোঁটা ব্যবহাবরে আক্কেল দাঁত ওঠার কষ্ট দূর হয়।

দাঁতে পাইওরিয়ায় — **ক্যালকেরিয়া ফ্লোর ১২x, টার্মেনিয়া চিবুলা হেকলালাভা** ৩x ১ কাপ গরম জলে দিয়ে সেই জলে দিনে ৩ বার কুলকুচি করলে পাইওরিয়া সারে। এর সঙ্গে **মার্কসল** - ৩০ বা **ক্রিয়োজোট** - ৬ ব্যবহারেও ভালো ফল পাওয়া যায়।

দাঁত টকে গেলে — খাবার সময় যদি দেখা যায় দাঁত টকে গেছে তবে তাকে **রোবিনিয়া** θ ১০-১৫ ফোঁটা খাবার পর দিলে দাঁত ঠিক হবে। দিনে ৩বার দিতে হবে।

নাকের রোগ

নাক ডাকা — ঘুমলেই যারা নাক ডাকে তাদের প্রথমে সপ্তাহে ১ বার করে **স্যাঙ্গুনেরিয়া** -১০০০ সঙ্গে **স্যাঙ্গুনেরিয়া** θ 5ml-10ml গ্লিসারিনের মধ্যে মিশিয়ে দিনে ৩ বার ৩-৪ ফোঁটা করে দিন আর তার সঙ্গে দিন **ওপিয়াম** 30 দিনে ৩ বার ২/৩ ফোঁটা। বেশ কিছুদিন ঔষধটি খেতে হবে।

নাক বন্ধে — সর্দিতে অনেকেরই নাক আটকে যায় তারা নাকের বদলে মুখ দিয়ে শ্বাস নেয়। এরূপ অবস্থায় **নাক্সভমিক** - ৩০ বা **স্যাম্বুকাস** - ৬, দিনে ৪ ফোটা ৩ বার করে ৩দিন খেলে বন্ধ নাক খুলবে।

নাকের ক্ষততে — নাকের ক্ষততে **হিপার সালফার** ৩x রোজ ৪ বার ২/৩ ফোঁটা করে বা **হিপোজেনিনাথ** ৩০ বা **আরাম মেটলিকাম** ৩০ দিনে ৪ বার ২/৩ ফোঁটা প্রয়োগের নাকের ক্ষত দূর হবে।

নাক দিয়ে রক্ত পড়ায় — যদি আঘাত জনিত কারণে রক্ত পাত হয় তবে **ফেরাম ফস** - ৬x বা **আরনিকা মন্টেনা** - ৬, ১৫ মিনিট পর পর দিলে রক্তপড়া বন্ধ হবে। যদি অর্বুদ থেকে রক্তপাত হয় তবে **হ্যামাশেনিস** ৬ বা **ফসফরাস** ৩০ বা **ব্রায়োনিয়া** ৩০ দিনে ৩/৪ ফোটা করে ৩ বার ৭দিন সেবনে রক্ত পড়া বন্ধ হবে।

মুখের রোগ

তোতলামি — **কস্টিকাম ২০০, ক্যালকেরিয়া** ৩০। ১ মাস ২ বার করে ২ফোঁটা।

মুখের ঘা — যে কোন মুখের ঘায়ে **কেলিমিউর** ১x তিন গ্রেন পরিমান দিনে ৪ বার গরম জলের সঙ্গে খাওয়ালে ভালো ফল পাওয়া যায়। ৭দিন খাওয়াতে হবে।

জিহ্বা বা মুখের ক্যানসারে — **কেলিসায়েনেটাম** ৩x, ১০ ফোঁটা দিনে ৩ বার।

স্ত্রী রোগ

জরায়ূর যে কোন রক্তস্রাবে — **ক্যালকেরিয়া ফস** ২০০ বা দুর্বার রসের সঙ্গে ১০-১২ ফোঁটা **ইরিজিরন** θ একত্রে মিশিয়ে আধ কাপ জলের সঙ্গে মিশিয়ে সেবনে ফল ভালো হয়। মাসিক চলাকালীন খাবেন না। মাসিকের ৭দিন আগে ও ৭দিন পরে ৩দিন সেবনীয়।

স্তনের ক্যানসারে — **এষ্ট্রিরিয়াস রিউবেনস্** ৩০। রোজ ৪ বার। **কার্বোএনিমেলিস** - ২০০ দিনে ৪ বার এবং **ফাইটোলক্কা** ২০০ দিনে ৪ বার দিলেও ভালো ফল পাওয়া যায়।

বন্ধ্যাত্ব — শুধু নারীরাই বন্ধ্যা থাকে না পুরুষদের ও বীর্যে শুক্রকীটের দুর্বলতায় নারী গর্ভবতী হয় না এর জন্য তাদের চিকিৎসা করার প্রয়োজন। যে সব পুরুষ সন্তান জন্ম দিতে অক্ষম তাদের সকালে **অরাম মেট** - ২০০ এবং সন্ধ্যায় **সরোডোনিয়া** ও এবং তার সঙ্গে **থুজা**

- ২০০, রাতে ১ ফোঁটা করে বেশ কিছুদিন খেলে ভালো ফল পাওয়া যাবে। **ক্যালকেরিয়া ফস** ৩x / ৬x / ২০০, **আর্নিকা** -২০০, **সিফিলিনাম** - ২০০/ ১m প্রয়োগেও ভালো ফল পাওয়া যায়।

স্ত্রীলোকদের বন্ধ্যাত্বে দূর করতে **অশ্বগন্ধ্যা** θ, **এলিট্রিস ক্যারিনোসা** θ, **স্যাবাইনা** θ, **স্যাবাপ সেরু** θ, প্রতিটির ১০ ফোঁটা করে সকালে ও সন্ধ্যায় সেবনে ভালো ফল পাওয়া যায়। এর সঙ্গে খেতে হবে **ওভারী** ৩x , **এগনাস ক্যাকটাস** ৩০, ২০০, **নেট্রাম মিউর** ২০০, 1m , **মেডোরিনাম** 1m , **সিফিলিনাম** 1m , মাঝে মধ্যে খেলেও ভালো ফল পাওয়া যায়।

পুরুষের রোগ

গণোরিয়া — **৩ লিয়াম সেন্টেল**- θ **গণোককাস**-৩০, **ক্যান্থারিস** প্রভৃতি ঔষধে ভাল ফল পাওয়া যায়। ৪৫দিন ৪ ফোটা করে দুবার।

স্বপ্নদোষ — **স্যালিকম নাইগ্রা** θ ১০ ফোঁটা করে দিনে ৪ বার। ১৫দিন।

গোঁফ দাড়ি দেরীতে ওঠা — গোঁফ দাড়ি ওঠার বয়স হয়ে গেছে অথচ গোঁফ দাড়ি উঠছে না এমন অবস্থার **নেট্রাম মিউর** -২০০ এর সঙ্গে **টেস্টিস** - ৩x বেশ কিছুদিন খেলে এই সমস্যার সমাধান। দিনে ২ বার ২ ফোঁটা করে খেতে হবে।

গোঁফ, দাড়ি, মাথার চুল উঠে টাক পড়ে গেলে — **ব্যাসেলিনাম** ১m মাথায় মেখে আধঘন্টা বাদে মাথায় শ্যাম্পু করুন বা **আর্সেনিক এলবা** -৩০ । মাসখানেক ২ বার এই ঔষধ প্রয়োগে টাকে চুল গজাবে। আর গোঁফ দাড়ি গজিয়ে ওঠার জন্য **নেট্রাম মিউর** ৬x বা ৩/৪ ফোঁটা **নেট্রাম মিউর ট্যাবলেট** - ২০০x ৪টি দিনে ২ বার সেবনে গোঁফ দাঁড়ি গজাবে।

পুরুষদের গণরিয়ায় — **গনোক্কাস** -৩০ একটি প্রয়োজনীয় ঔষধ। **ক্যাবিস স্যাট**-৬, ও **ভেসিকেরিয়া** θ ৮-১০ ফোটা দিনে ৩ বার খেলে ভালো ফল দেয়। এর সঙ্গে খেতে হবে **ওলিয়াম সেন্টাল** ৬, ১ফোঁটা দিনে ৩ বার। এই রোগের আরও কয়েকটি উলেখযোগ্য ঔষধ হল— **এমিড নাইট** (৩০-২০০) **থুজা** (৩০-২০০), **মার্কসল** - (৩০-২০০), ১ফোঁটা দিনে ১বার **পালসেটিলা** (৬-৩০), দিনে ৩ বার।

হার্ণিয়া — শরীরের যে কোন জায়গাতেই হার্ণিয়া হোক না কেন তাকে **ক্যাল্কেরিয়া কার্ব** ২০০ দিনে ১ ফোঁটা করে বেশ কিছুদিন খাওয়ালে রোগ সারে। হার্ণিয়া যদি ডান দিকে হয় তবে তাকে দিন **লাইকোপোডিয়াম** θ - দিনে ৪ বার ১০ফোঁটা করে। বাম দিকে হলে **নাক্সভোমিকা** - ২০০। তার সঙ্গে **লাইকোপোডিয়াম** θ হার্ণিয়াতে লাগান।

অন্যান্য রোগ

মূত্ররোধ — **নেট্রাম ফস**- ৩ x, **ম্যাগফস**- ৩ x, **নেট্রাম সালফ**- ৩ x ১০ মিনিট অন্তর ৩ টি ট্যাবলেট গরম জলের সঙ্গে মিশিয়ে ২ ঘন্টা অন্তর ৩ দিন সেবন করলে প্রস্রাব হবে

অসাড়ে মূত্রে — কষ্টিকাম ২০০ বা ইকুইজেটাস ৩০, ১ফোটা করে দিনে ও রাতে দুবার সেবনে ভালো ফল পাওয়া যাবে।

ইলেকট্রিক শক — ইলেকট্রিক শক লাগলে **কফিয়া ২০০ বা ম্যাগফস** ৬X ৪টি দানা খান। ৩বার ৩দিন।

বাধক বেদনায় — ম্যাস ফস এবং ক্যালিফস ১০ ফোঁটা করে এক ঘণ্টা অন্তর সেবনে বেদনা নিরাময় হয়। ৭দিন খান।

পুড়ে যাওয়া — ক্যানথারিস ৩০ খেতে দিন আর কান্থারিস θ ১ **ড্রাম, মার্কক্রোম আধ আউন্স** মিশিয়ে পোড়া ঘায়ে লাগান। ঘা না শুকনো পর্যন্ত লাগাতে হবে।

ইদুঁরে কামড়ালে — হাইপোরিকাম ও লিডামপল্ ২০০ ১ ফোটা করে ২ বার সেবনে ভালো ফল পাওয়া যায়।

বিড়ালে কামড়ালে — প্রথমে দিন **লোডাম-২০০** পরে **এ্যাসিড এ্যাসেটিক ২০০** দিনে ২ বার।

পোড়া ঘায়ে — কান্থারিস-৬ এবং কান্থারিস অয়েল প্রয়োগে ভালো ফল হয়। দিনে দুবার।

সাপে কাটা — সাপে কামড়ালে যে কাজটি সর্বাগ্রে করা প্রয়োজন তা হল আক্রান্ত জায়গার উপরে ও নীচে দড়ি দিয়ে বেঁধে দিতে হবে। তারপর সেই ক্ষত ফিটকারী, সাবান দিয়ে ভালো করে ধুয়ে কিছুটা রক্ত চেপে বের করে সেখানে **ক্যালেন্ডুলা** θ, এবং **ক্যাসিয়া সোফেরা** θ, দিয়ে পরিষ্কার করতে করুন। সাপ যদি পায়ে কামড়ায় তবে বিষ যাতে উপরে উঠতে না পারে সেজন্য থাইয়ের কাছে হাঁটুর নিচে বাঁধন দিন। যদি হাতে কামড়ায় তবে কনুইয়ের বাঁধন দিন। বাঁধন এমনভাবে দেবেন যাতে তাতে আঙুল ঢোকানো যায়। ১০-১৫ মিনিট অন্তর বাঁধন একটু আলাগা করে দিতে হবে। অনেকে ক্ষত স্থান চিরে দিয়ে মুখ দিয়ে রক্ত চুষে বের করে থাকেন এটা না করাই ভালো। কারণ রক্ত যদি একটু মুখ থেকে ভিতরে চলে যায় তবে বিষ ক্রিয়ার রোগীর মৃত্যু হতে পারে। তাই রোগীকে **অ্যান্টিভেনাস ইনজেকশান** দেওয়া রোগের প্রকৃত চিকিৎসা করতে স্থানীয় হাসপাতালে নিয়ে যাওয়া উচিত। আর একটা কথা মনে রাখবেন-- আমাদের দেশের সাপের শতকরা ৯০ ভাগই বিষহীন। কিন্তু অনেকেই তা জানে না। তাই সাপে কামড়ালে অনেকে ভয়েও মারা যায়। মাথায় বিষ উঠে গেছে দেখলে অনেকে জ্যান্ত রোগীকে মারা যাবে বলে এক সময় জলে কলার ভেলায় করে ভাসিয়ে দিত। এমন রোগীকে অনেক গুলি বাচিয়ে দিয়েছে এ দৃষ্ঠান্তও আছে। বিষধর সাপে কামড়ালে দুটো দাঁতের দাগ বসে এবং সেখান থেকে চুইয়ে চুইয়ে রক্ত পড়ে আর ভীষণ যন্ত্রণা হয়।

যদি কেউটে বা গোখরো সাপে কামড়ায় তবে চোখের দৃষ্টি ঝাপসা হয়ে আসে। ঢোক গিলতে কষ্ট হয়। জ্বর হয়, বমি হয়, মাথা ঘোরে. নাক, মুখ দিয়ে, প্রস্রাবের সঙ্গে রক্তপড়ে

শ্বাসকষ্ট হয়। রোগী প্রাণ হারায়। যদি চন্দ্রবোড়া সাপে কাটে তবে কিডলি সবচেয়ে বেশি জখম হবে।

সাপে কাটার পর ১০/১৫ মিনিটের মধ্যে যদি এন্টিভেনাস ইনজেকশান দেওয়া যায় তবে রোগীর জীবন হানির আশঙ্কা কম থাকে। সাপে কাটা রোগীকে বিষ নেমে যাওয়ার পরেও ডাবের জল, ফলের রস বা দুধ খেতে দেবেন না।

কেটে গেলে — **ক্যালেন্ডুলা** θ এবং **ফেরাম ফস** ১ X দিলে ভালো ফল পাওয়া যায়।

মেদ বৃদ্ধি করতে — ঘি, মাখন, ছানা, মাংস, ডিম, পাকা মাছ খান আর তার সঙ্গে **ক্যারিকা পেপিয়া** θ **আলফালফা** θ এবং **মেবানসেরু** θ প্রতিটির ৫/৬ ফোটা দিনে ৩বার এবং সঙ্গে **ফাইবকাস** - ৩X ট্যাবলেট ৩ বার খেলে মেদ বাড়বে।

মেদ কমাতে — চর্বি জাতীয় খাদ্য বর্জন করতে হবে। **ক্যালোট্রপিস** θ **ফিউকাস ভেসিকিউলস** θ ১০/১২ ফোটা দিনে তিন বার খেতে হবে। এর সঙ্গে **ফাইটোলক্কা বেরি** ট্যাবলেট দিনে দু-বার মাস খানেক খেলে মেদ কমবে।

বৃদ্ধদের রাতে বেশিবার প্রস্রাব হলে — অধিকাংশ বৃদ্ধদেরই দেখা যায় রাতে বার বার প্রস্রাব করতে যাচ্ছেন। এ থেকে পরিত্রাণ পেতে রাতে কম জল পান করতে হবে এবং **কার্বলিক এসিড** - ৬ বা **অ্যাসিড** ৩X রোজ তিন বার করে ৪/৫ ফোঁটা বেশ কিছুদিন খেতে হবে।

রক্তে ইউসিনোফিল বৃদ্ধিতে — **স্ট্যাসাম আয়োড** -৩X বা **আর্সেনিক** আয়োড - ৩X বেশ কিছুদিন ৩ ফোটা করে ৩ বার সেবনে ভালো ফল পাওয়া যায়।

রক্তে ESR বেশি থাকলে — **আর্সেনিক এল্ব** - ৩০ ১ ফোঁটা দিনে ৩ বার করে বেশ কিছুদিন খেলে ভালো ফল পাওয়া যাবে।

রক্তে সুগার বৃদ্ধিতে — **আব্রোমা আগস্ট** θ, **জিমনেমা সেলভিস্টা** θ, **সিফালেন্ড্রা ইন্ডিকা** θ **সিজিয়িমাস জাম্ব** প্রভৃতি ঔষুধের প্রতিটির ৫-৬ ফোঁটা মিশিয়ে দিনে ৩ বার খেলে সুগার কমবে। যদি এতে তেমন কাজ না হয় **নেট্রাম সালফ** ৬X এর ৪ টে টাবলেট দিনে ৩বার করে খেতে হবে। তবে যদি এর কোনটাতেই তেমন কার্যকারী না হয় তবে দিতে হবে **আর্সেনিক ব্রোবাইড়** θ দিনে ৮-১০ ফোঁটা করে ৩ ঘন্টা অন্তর বেশ কিছুদিন।

রক্তে ইউরিয়া বৃদ্ধিতে — রক্তে যদি ইউরিয়া বৃদ্ধি পায় তবে গা হাত পা ফুলবে। এরজন্য সবচেয়ে ভালো কার্যকারী ঔষধ হল **এপোসাইনাম** θ এবং **এপিস** θ। দিনে ৫/৬ ফোটা করে ৩ বার ৭দিন খেলে ভালো ফল পাওয়া যায়। **ইউরিয়া** - ৩০ বা **ইলসেরাম** θ দিনে ৩ বার করে ৭দিন সেবনে ভালো ফল পাওয়া যায়।

রক্তে কোলেস্টেরল বৃদ্ধিতে — রক্তে কোলেস্টেরল বৃদ্ধি পেলে **এলিয়াম স্যাট** θ ১০-১২ ফোটা প্রতিদিন ৩ ঘন্টা অন্তর বেশ কিছুদিন খেলে রোগ নিরাময় হবে।

ছাত্র/ছাত্রীদের পরীক্ষার ভয়ে — ছাত্র/ছাত্রীদের অনেকেরই পরীক্ষায় ভীতি দেখা দেয়। এথেকে মুক্ত হতে পরীক্ষায় বেশ কিছুদিন বেশ কিছুদিন আগে থেকেই **আর্জেন্টাম নাইট্রিকাম-২০০ এবং এনাকার্ডিয়াম** - ৩০ রোজ ৩ বার করে ৩/৪ ফোটা খেলে পরীক্ষার ভীতি কাটবে। **এ্যাসিড পিকরিক - ২০০ বা সাইলেসিয়া ২০০** ও খুব ভালো ঔষধু। এই ঔষধ প্রয়োগেও ছাত্র/ছাত্রীর পরীক্ষায় ভীতি দূর হয়।

আত্মহত্যার প্রবণা — আজকাল যুবক/যুবতীদের মধ্যেই খুব বেশি করে আত্মহত্যার প্রবণতা দেখা যাচ্ছে। এ থেকে পরিত্রাণ পেতে **আরমেট - ১০০০** এবং **কেলিফস ১২x** দিনে ৪টি করে ট্যাবলেট খেলে মন শান্ত হবে। আত্মহত্যার ইচ্ছা দমন হবে।

সহজে পা মচকানো — যাদের প্রায়ই পায়ের গোড়ালি মুচকে যায় তারা যদি **ষ্ট্রেনসিয়াকার্বো** - ৩০, ২/৩ ফোটা দিনে ৪ বার করে খায় তবে পা মচকানো লাঘব হবে।

ঠুনকো — ঠুনকো রোগের সবচেয়ে ভালো ঔষধ হল **মিউরেক্স** - ৩০ দিনে ৩বার করে ৭দিন খান। **এস্টিরিয়া রুবেন্স** - ৬ দিনে ১ ফোটা করে ৩ বার করে ৭দিন সেবনে ভালো ফল পাওয়া যায়। **ব্রায়োনিয়া-৩০**, র সঙ্গে **ফাইটোলক্কা** - ৬, মিশিয়ে দিনে ৩বার করে ৭দিন সেবনে ভালো ফল পাওয়া যায়।

ট্যারাতে — যাদের চোখ ট্যারা তারা যদি **জেলসিমিয়াম** -৩০ ও **সিনা** -৩০ দিনে ১ ফোঁটা করে ৩দিন খেলে রোগ ভাল হয়।

টাক — চুল পড়ে টাক পড়ে গেলে **থিলিয়াম** - ৩০ **এবং অ্যাস্টিলাগো-২০০** মাস তিন ব্যবহার করলে **অ্যাস্টিলাগো** - ২০০ মাস তিন ব্যবহার করলে টাকে চুল গজায়।

